অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/8/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ইরি এবং স্টুবেন কাউন্টিতে 22 ইউনিট সমর্থক আবাসন তৈরির জন্য 7.6 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

বয়স্ক এবং পূর্বে গৃহহীন থাকা গৃহস্থালিসমূহের জন্য স্থায়ী সমর্থক আবাসনের 22টি ইউনিট তৈরি করবে

ডেভেলপমেন্ট হলো পুরো নিউ ইয়র্ক স্টেটে সমর্থক ও সাশ্রয়ী আবাসনের সরবরাহ বৃদ্ধির প্রতি গভর্নরের প্রতিশ্রুতির অনুবর্তী

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ইরি এবং স্টুবেন কাউন্টির দুইটি প্রকল্পে 7.6 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে যেগুলি গৃহহীনতার মধ্যে দিয়ে যাওয়া পরিবার ও ব্যক্তির জন্য 22 ইউনিট স্থায়ী সমর্থক আবাসন তৈরি করবে।

"নিজের বাড়ি বলার মতো একটি নিরাপদ, স্থিতিশীল ও সাশ্রয়ী স্থানের সুযোগ পাওয়া সকল নিউ ইয়র্কবাসীর, বিশেষ করে আমাদের মধ্যে যারা দুর্বল তাদের প্রাপ্য," **গভর্নর হোকল বলেন।** "নতুন এই সমর্থক হাউজিং ডেভেলপমেন্ট দুইটি পূর্বে গৃহহীন থাকা বয়স্ক নিউ ইয়র্কবাসীকে এমন সেবার সুযোগ প্রদান করবে যা নিজেদের সম্প্রদায়ে সমৃদ্ধির জন্য তাদের প্রয়োজন।"

অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের (Office of Temporary and Disability Assistance) গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচির (Homeless Housing and Assistance Program, HHAP) একটি প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে প্রদত্ত এই অনুদানগুলি হলো গভর্নর হোকলের 25 বিলিয়ন মার্কিন ডলারের সার্বিক আবাসন পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ, পরিকল্পনাটি পুরো নিউ ইয়র্কে 100,000টি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করবে, যার মধ্যে দুর্বল জনগোষ্ঠীর জন্য সমর্থক সেবাসহ 10,000টি থাকবে, সেই সাথে অতিরিক্ত 50,000 বাসার বৈদ্যুতিকরণ করা হবে।

সর্বশেষ এইসব অর্থের মাধ্যমে HHAP অর্থবছর 2024 বাজেটে প্রদত্ত 128 মিলিয়ন মার্কিন ডলার তহবিলের মধ্যে 98 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদানের প্রতিশ্রুতি করে ফেলেছে। যেসব প্রকল্পে তহবিল বরাদ্দ করা হয়েছে তার মধ্যে রয়েছে:

- **পিপল কমিউনিটি হাউজিং ডেভেলপমেন্ট কর্পোরেশন (People Community Housing Development Corporation) এবং পিপল ইনকর্পোরেটেড (People Inc.)**

- হ্যামবার্গে গৃহহীনতায় ভুগতে থাকা বয়স্ক ব্যক্তিদের জন্য সাতটি স্থায়ী সমর্থক আবাসন ইউনিট নির্মাণের জন্য 2.7 মিলিয়ন মার্কিন ডলার। প্রস্তাবিত প্রকল্প, জুনিপার অ্যাপার্টমেন্টস (Juniper Apartments), 55 বছর বা তার বেশি বয়সী মানুষসহ নিম্ন আয়ের প্রাপ্তবয়স্কদেরও সেবাদান করবে এমন মোট 65টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্টসহ দুইটি ভবন নির্মাণ করবে। পিপল ইনকর্পোরেটেড প্রদত্ত সমর্থক সেবার মধ্যে থাকবে কেস ব্যবস্থাপনা, বসবাস করার দক্ষতার প্রশিক্ষণ, নার্সিং সমর্থন, রিপ্রেজেন্টেটিভ পেয়ি সেবা, এবং কাউন্সেলিং সেবা।

- **হাউজিং ভিশনস কন্সাল্টেন্টস, ইনকর্পোরেটেড (Housing Visions Consultants, Inc.)** - 55 বছর বা তার বেশি বয়সী, পূর্বে গৃহহীন থাকা ব্যক্তিদের জন্য কর্নিংয়ে 15 ইউনিট স্থায়ী সমর্থক আবাসন তৈরির জন্য 4.9 মিলিয়ন মার্কিন ডলার। এটি একটি বৃহত্তর প্রকল্প, প্যারিশ হাইটসের (Parish Heights) অংশ, যা এছাড়াও 30টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট এবং সেই সাথে একটি ডেকেয়ার ফ্যাসিলিটি তৈরি করবে। প্রকল্পটি এছাড়াও এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) রিস্টোর NY (Restore NY) কর্মসূচির মাধ্যমে তহবিল পেয়েছে এবং এখানে বিদ্যমান একটি ভবনের উল্লেখযোগ্য সংস্কার ও একটি নতুন আবাসিক ভবন নির্মাণ করা হবে। সমর্থক সেবা প্রদান করবে কর্নিং কাউন্সিল ফর অ্যাসিসটেন্স অ্যান্ড ইনফরমেশন ফর দ্য ডিজেবলড ইনকর্পোরেটেড (Corning Council for Assistance and Information for the Disabled, Inc.) , এবং এর মধ্যে থাকবে কেস ব্যবস্থাপনা, সঙ্কটকালীন হস্তক্ষেপ, আইনি ও আর্থিক সহায়তা, পুনরুদ্ধার সেবা, মানসিক স্বাস্থ্য সমর্থন, এবং মেডিকেল, ভোকেশনাল, এবং চাকরির সেবা।

অস্থায়ী এবং অক্ষমতা সহায়তা অফিসের ভারপ্রাপ্ত কমিশনার বারবারা সি গুইন বলেন, "এইসব প্রকল্পে গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচির বিনিয়োগ গৃহহীনতার অভিজ্ঞতা থাকা বয়স্ক ব্যক্তিদের স্থায়ী আবাসন এবং নিজেদের সম্প্রদায়ে স্থিতিশীল জীবনযাপন অর্জন ও ধরে রাখার জন্য তাদের প্রয়োজনীয় অত্যাবশ্যকীয় সমর্থক সেবার অনসাইট অ্যাক্সেস প্রদান করবে। গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, পুরো স্টেটে স্থায়ী সমর্থক আবাসনের সরবরাহ বৃদ্ধি করতে এবং নিউ ইয়র্ককে সকলের জন্য আরো সাশ্রয়ী ও বাসযোগ্য করতে নিউ ইয়র্ক স্টেট পদক্ষেপ গ্রহণ অব্যাহত রেখেছে।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "সর্বাধিক দুর্বল নিউ ইয়র্কবাসীর কাছে যাতে নিরাপদ, নিম্ন ব্যয়ের আবাসন, এবং একই সাথে কাউন্সেলিং, নার্সিং সমর্থন, এবং মেডিকেল সেবার মতো আরো উন্নত স্বাস্থ্য ফলাফল পাওয়ার সেবা পাওয়ার সুযোগ থাকে তা নিশ্চিত করার আমাদের প্রয়াসের একটি অবিচ্ছেদ্য অংশ সমর্থক আবাসন। পূর্বে গৃহহীন থাকা বয়স্ক ব্যক্তিদের জন্য এইসব অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগ প্রদান করার ক্ষেত্রে গভর্নর হোকলের অব্যাহত নেতৃত্বের জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি যা তাদেরকে প্রয়োজনীয় সহায়তা পাওয়ার সুযোগসহ একটি স্থিতিশীল পরিবেশে টিকে থাকা নিশ্চিত করতে সাহায্য করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "রিস্টোর NY হলো সম্প্রদায়সমূহের উন্নতি ও তাদের পুনর্গঠন করার জন্য

আমাদের অর্থনৈতিক বিকাশ টুলকিটের একটি অপরিহার্য অংশ। গুরুত্বপূর্ণ এই উদ্যোগটি সমর্থক হাউজিং ডেভেলপমেন্টের জন্য অত্যাবশ্যকীয় তহবিল প্রদান করবে, যা নিশ্চিত করবে যে নিউ ইয়র্কবাসীর কাছে বাড়ি বলার মতো একটি সুন্দর ও সাশ্রয়ী স্থান রয়েছে, এবং আরো স্থিতিশীল ও প্রাণবন্ত ভবিষ্যৎ রয়েছে, যা তাদের প্রাপ্য।"

স্টেটের সিনেটর প্যাট্রিক এম গালিভান বলেন, "এই প্রকল্পগুলি সমর্থক ও সাশ্রয়ী আবাসনের প্রয়োজন আছে এমন পরিবার ও ব্যক্তিদের বিকল্প প্রদান করবে। আরো বেশি মানুষের জন্য স্বাধীনভাবে জীবনযাপন সম্ভব করার মাধ্যমে এমন প্রকল্প আমাদের সম্প্রদায়ের বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করতে সাহায্য করে।"

অ্যাসেম্বলি সদস্য ফিল পালমেসানো বলেন, "গুরুত্বপূর্ণ এই প্রকল্পটি আমাদের সম্প্রদায়ে সাশ্রয়ী ও টেকসই আবাসনের চাহিদা পূরণে অনেক সাহায্য করবে। চাহিদাসম্পন্ন ব্যক্তিদের জন্য বহু প্রজন্ম ধরে, মিশ্র আয়ের, সম্পূর্ণ অ্যাক্সেসিবল অভিযোজিত আবাসন ইউনিট তৈরির জন্য সম্প্রদায় ও স্থানীয় সেবাদানকারীদের বলীয়ান অংশীদারিত্বকে এই প্রকল্পের অর্থায়ন আরো অগ্রসর করবে। এই চাহিদা সনাক্ত করার জন্য এবং আমাদের সম্প্রদায়কে সমর্থন করার জন্য নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসকে ধন্যবাদ।"

পিপল ইনকর্পোরেটেডের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যান ম্যাকক্যাফরি বলেন, "জুনিপার অ্যাপার্টমেন্টস প্রকল্পটি এলাকায় সমর্থক ও সাশ্রয়ী উভয় আবাসনের তথ্যবহুল চাহিদার সমাধান করে। সকলের কাছে নিজের পছন্দের আবাসন পাওয়ার সুযোগ থাকবে এমন একটি ভবিষ্যৎ তৈরির জন্য আমাদের প্রয়াসকে অগ্রসর করার জন্য এই অর্থ অতি গুরুত্বপূর্ণ। তহবিলের জন্য আমরা কৃতজ্ঞ যা আমাদেরকে এই অতি গুরুত্বপূর্ণ ডেভেলপমেন্টের কাজ শুরু করার আরো কাছে নিয়ে যাবে।"

হাউজিং ভিশনস কন্সাল্টেন্টস ইনকর্পোরেটেডের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা বেন লকউড বলেন, "আমাদের সেবা প্রদানকারী AIM ইন্ডিপেন্ডেন্ট লিভিং সেন্টারের (AIM Independent Living Center) সাথে অংশীদারিত্বে এই HHAP অর্থ পেয়ে হাউজিং ভিশনস আনন্দিত এবং এর ফলে স্টুবেন কাউন্টি এবং কর্নিং সিটির দুর্বল বয়স্কদের জীবন উন্নত করার সাশ্রয়ী ভাড়ার আবাসন তৈরি সম্ভব হবে। HHAP অর্থ কর্নিংয়ে প্রাক্তন সেইন্ট ভিনসেন্ট ডে পল গির্জার পুনর্গঠন ও পুনর্বাসনের অনুঘটক হিসেবে কাজ করবে এবং পূর্বের ধর্মীয় ভবন ও ক্যাম্পাসের পুনঃকল্পনা করার একটি ইতিবাচক উদাহরণ হিসেবে কাজ করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন